The Bangladesh Monitor - A Premier Travel Publication

The Bangladesh Monitor
A Premier Travel Publication

ওমরাহ যাত্রীর বোর্ডিং পূর্বে টিকার সনদ যাচাই করবে এয়ারলাইন্স

- A Monitor Desk Report Date: 26 August, 2021

ঢাকাঃ ২৪ আগস্ট এয়ারলাইন্সগুলোর জন্য একটি সার্কুলার জারি করেছে সৌদি আরবের সিভিল অ্যাভিয়েশন কর্তৃপক্ষ যেখানে বলা হয় ওমরাহ পালনের জন্য যেসব যাত্রী ফ্লাইটে আসবেন , তাদের বোর্ডিং করার আগেই টিকার সনদ যাচাই করতে হবে এয়ারলাইন্সগুলোর ।

একই সঙ্গে ৭২ ঘণ্টার মধ্যে পিসিআর পদ্ধতিতে করোনা পরীক্ষা করে নেগিটিভ রিপোর্ট থাকতে হবে ।

পূর্বে , সৌদি অনুমোদিত টিকার তালিকায় ছিল , ফাইজার-বায়োএনটেক, অক্সফোর্ড - অ্যাস্ট্রাজেনেকা , মডার্না ও জনসন অ্যান্ড জনসন ।

তবে, গত মঙ্গলবার সৌদি আরব কর্তৃপক্ষ অবশেষে চীনের দুটি করোনা ভ্যাকসিন সিনোভ্যাক ও সিনোফার্মের অনুমোদন দিয়েছে।

ফলে চীনা এই দুটি ভ্যাকসিন গ্রহণকারী বাংলাদেশীদের দেশটিতে ভ্রমনের বিশেষ করে ওমরা করার ক্ষেত্রে ভ্যাকসিনজনিত বাধা দূর হলো।

এদিকে বাংলাদেশে ব্যাপক হারে চীনের তৈরি সিনোফার্ম টিকা দেওয়া হচ্ছে । স্বাস্থ্য অধিদফতরের দেওয়া তথ্যমতে, ২৪ আগস্ট পর্যন্ত সিনোফার্মের টিকা দেওয়া হয়েছে মোট ১ কোটি ১ লাখ ৫৩ হাজার ১৬৮ ডোজ।

তবে সৌদি সরকার আরো জানায় যে দেশটিতে প্রবেশের জন্য করোনা ভ্যাকসিন কার্যক্রম সম্পন্নকারী ব্যাক্তিকে সৌদি সরকার অনুমোদিত ভ্যাকসিনের বুস্টার ডোজও নিতে হবে।

বর্তমানে বাংলাদেশে অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা, ফাইজার-বায়োএনটেক, মডার্না ও সিনোফার্মের টিকা ব্যবহার করা হচ্ছে।